ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫৫৯
আগরতলা,৬ মে,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘মশার উপদ্রবে অতিষ্ঠ মানুষ পুরনিগমের পরিকল্পনাই সার’ শিরোনামে গত ২১ ফেব্রুয়ারি, ২০২৫ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রতি আগরতলা পুরনিগমের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সংবাদের পরিপ্রেক্ষিতে আগরতলা পুরনিগম থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়, নিগম এলাকায় মশার প্রতিরোধে নিয়মিত এন্টি লার্ভ স্প্রে করা হয়। এছাড়া টেমিফোস ৫০ শতাংশ ই.সি. এবং ম্যালাথিয়ন ৫০ শতাংশ ই.সি. ব্যবহার করে ফগিং করা হয়। আগরতলা পুরনিগমের ৪টি জোনেই স্বাস্থ্য আধিকারিক এবং স্বাস্থ্যবিধি পরিদর্শকের তত্ত্বাবধানে এই সকল কর্মকান্ড সম্পন্ন করা হয়।

*****